

- ৪। গৌঁসাই গোপালচাঁদে বলে, না জানিরে গরল খেলে,  
 তাঁরে গুরুচাঁদ রক্ষা করে ।  
 জেনে শুনে খেয়ে গরল এবার অভয়ের রক্ষা নাই রে ॥  
 ---অভয়চরণ কবিরাজ



৮৫ নং

তাল--একতালা

- আমায় আর কতদিন রাখবে দয়াল প্রেম-শূন্য দেহ পরে ।  
 আমার শান্তি যিনি, ম'ল তিনি তোমার প্রেমবারি  
 না পান করে ।
- ১। যদি তোমার শীতল প্রেম পাই, আমার শান্তিকে বাঁচাই,  
 নিরানন্দের মুখে তবে আপনি পড়বে ছাই ।  
 সেই শান্তি ভরে নেচে বেড়াই মুখে জয় হরিবল বল্‌রে ॥
- ২। আমি ভবের অভাজন, না জানি তোমারই সাধন,  
 মায়ারসে মত্ত হ'য়ে করেছি বিষয়-বিষ গ্রহণ ।  
 হুজুরেতে এই নিবেদন, কাট' মায়ার বন্ধন রে ॥
- ৩। তবে তোমার শীতল প্রেম চাই, আমার দেওয়া কিছু নাই,  
 বিশ্বপিতা তাইতে আমার চাইতে লজ্জা নাই ।  
 শ্রীচরণে এই ভিক্ষা চাই যেন হরিচাঁদ বলে কাঁদি রে ॥
- ৪। প্রেমিক গোপালচন্দ্র কয়, সে ধন পাওয়া মুখের কথা নয়,  
 পবিত্রময় দেহ হ'লে সেই সে প্রাপ্ত হয় ।  
 বরদা তোর মন ভাল নয়, তুই ডুবলি না প্রেম সাগরে ॥  
 ---বরদা